দৈনিক ইনকিলাব

তারিখ 14 OCT 1993
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ৬ ...

১৯৬

# বিশ্ববিদ্যালয়ের শিক্ষা পদ্ধতি নিয়ে প্রধানমন্ত্রীর সাথে ভিসিদের আলোচনা

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় পরিষদের সদস্যরা গতকাল প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার সাথে তার অফিসে সাক্ষাৎ করেন। খবর বাসস'র।

পরিষদের সদস্য বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলরগণ প্রধানমন্ত্রীকে জাতিসংঘ সাধারণ পরিষদের ৪৮তম অধিবেশনে ভাষণের জন্য অভিনন্দন জানান। তাঁরা বলেন, বিশ্ব সংস্থায় এ ধরনের বক্তব্য রাখায় তারা

শেষ পৃঃ ১-এর কঃ দেখুন.

## বিশ্ববিদ্যালয়

প্রথম পৃষ্ঠার পর

গর্ববোধ করেন।

বৈঠককালে ভাইস চ্যান্সেলরগণ বিশ্ববিদ্যালয়গুলোর বিভিন্ন কর্মকাণ্ড, বিশেষ করে শিক্ষা পদ্ধতির ব্যাপারে প্রধানমন্ত্রীর সাথে আলোচনা করেন।

তারা গতানুগতিক শিক্ষা পদ্ধতির স্থলে একটি সময় উপযোগী শিক্ষা পদ্ধতি চালু করার প্রয়োজনীয়তার উপর গুরুত্বারোপ করেন।